



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
GOVT. SAYEED ALTAFUNNESA COLLEGE
ক্ষেতলাল, জয়পুরহাট



স্থাপিত: ১৯৮৫ খ্রি., জাতীয়করণ: ২০১৮ খ্রি.
কলেজ কোড: ৫১২৫ উ:মা:, ২৮০৪ স্নাতক, EIIN: ১২১৯৮০, ইনডেক্স: ৭৭০৪০১৩২০১
মোবাইল: ০১৩০৯-১২১৯৮০, Email: collegesyedaltafunnesa@yahoo.com, Web: gsac.edu.bd

বিজ্ঞপ্তি

তারিখ: ২৫/০৯/২০২৩ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) শ্রেণিতে অত্র কলেজের জন্য মনোনীত শিক্ষার্থীরা আগামী ০১/১০/২০২৩ খ্রি. রোজ রবিবার থেকে ০৫/১০/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার পর্যন্ত নির্ধারিত ভর্তি ফি প্রদান করে নিম্নের সূচি অনুযায়ী উল্লিখিত প্রক্রিয়ার মাধ্যমে অন-লাইনে ভর্তি হতে পারবে। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে অথবা প্রকৃত তথ্য গোপন অথবা কলেজের ওয়েব সাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম এবং প্রয়োজনীয় কাগজ-পত্র কলেজে জমা না দিলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তির তারিখ	শাখা/বিভাগ	সেশন চার্জ সহ ভর্তি ফি (বোর্ড নির্ধারিত)	মন্তব্য
০১/১০/২০২৩ খ্রি. থেকে ০৫/১০/২০২৩ খ্রি.	বিজ্ঞান	১৬০০/-	উক্ত ফি এর সাথে অন-লাইন ফি/চার্জ প্রযোজ্য হবে
	মানবিক	১৬০০/-	
	ব্যবসায় শিক্ষা	১৬০০/-	

ভর্তি প্রক্রিয়া:

- ১। অত্র কলেজের ওয়েব সাইটে প্রবেশ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ক) www.gsac.edu.bd এই ওয়েব সাইটে প্রবেশ করে Online Admission অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণ করে “বিকাশ” এর মাধ্যমে ১৬০০/- (একহাজার ছয়শত) টাকা ফি প্রদান করে ভর্তি ফরম ডাউনলোড করতে হবে।
- খ) অন-লাইনে ভর্তি ফরম ডাউনলোড করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণি রোল পাওয়া যাবে এবং ভর্তি নিশ্চিত হবে।
- গ) পাঠ বিরতির ক্ষেত্রে (২০২১, ২০২২ সালে এসএসসি/সমমান পাস) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।

ভর্তির জন্য যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

- ১) কলেজ ওয়েব সাইট হতে প্রাপ্ত ভর্তির pdf form এর প্রিন্ট কপি। (কলেজ থেকে কোন ফরম সংগ্রহ করতে হবে না)
- ২) এসএসসি/সমমান পাশের নম্বর পত্র/ট্রান্সক্রিপ্ট এর মূল কপি এবং ০১ (এক) কপি ফটোকপি। (নম্বর পত্রের মূল কপি কলেজে জমা থাকবে, বিধায় এর একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে)।
- ৩) একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের অন-লাইন কপি।
- ৪) এসএসসি/সমমান পাশের প্রশংসাপত্রের ফটোকপি, (৫) প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ৬) পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি, (৭) ছাত্র-ছাত্রীর জন্ম নিবন্ধনের (অন-লাইন, ১৭ ডিজিটের) ফটোকপি।
- ৮) সদ্য তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি।
- ৮) কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণকসহ শিক্ষার্থীকে স্বশরীরে এসে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।
- ১০) মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটা থাকলে মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।
- ১১) অন-লাইন পেমেন্ট রশিদের কপি।
- ***১২) বোর্ড থেকে মূল নম্বরপত্র প্রদান করা না হলে, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর মূল কপি জমা দিতে হবে। পরবর্তীতে নির্ধারিত সময়ের মধ্যে মূল নম্বরপত্র জমা দিয়ে মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ফেরত নিতে হবে।

নির্ধারিত শাখা/বিভাগ ও পঠিতব্য বিষয়সমূহ

সকল শাখা/বিভাগের জন্য আবশ্যিক বিষয়: (১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

শাখা/বিভাগ	নৈর্বচনিক বিষয়, যে কোন ০৩ (তিন) টি	ঐচ্ছিক বিষয়, যে কোন ০১ (এক) টি	মন্তব্য
বিজ্ঞান	১) পদার্থবিজ্ঞান (২) রসায়ন, ৩) উচ্চতর গণিত/জীববিজ্ঞান	উচ্চতর গণিত মূল হলে জীববিজ্ঞান ৪র্থ, জীববিজ্ঞান মূল হলে উচ্চতর গণিত ৪র্থ অথবা ভূগোল/মনোবিজ্ঞান	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অথবা ইতিহাস (যেকোন ১ টি নিতে পারবে)
মানবিক	১) ইতিহাস, ২) পৌরনীতি ও সুশাসন, ৩) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ৪) সমাজবিজ্ঞান, ৫) অর্থনীতি, ৬) সমাজকর্ম, ৭) যুক্তিবিদ্যা, ৮) ভূগোল	ভূগোল/মনোবিজ্ঞান/ইসলাম শিক্ষা/যুক্তিবিদ্যা	সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম (যেকোন ১ টি নিতে পারবে)
ব্যবসায় শিক্ষা	১) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ২) হিসাববিজ্ঞান, ৩) ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা	অর্থনীতি/ভূগোল	ভূগোল অথবা মনোবিজ্ঞান (যেকোন ১ টি নিতে পারবে)

আহ্বায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি ২০২৩-২৪
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট

মোঃ সহিদুল ইসলাম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট

মোঃ সহিদুল ইসলাম
অধ্যক্ষ (আরক্ষক)
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট
ইনডেক্স নং-০১৮৮৯০